

# ঢাবি অধিভুক্ত তিন কলেজ অধ্যক্ষের পদত্যাগ

জবি প্রতিনিধি

প্রকাশিত: ২০:১০, ১১ আগস্ট ২০২৪



কবি নজরুল, সোহরাওয়ার্দী ও তিতুমীর কলেজ অধ্যক্ষরা

চলমান সাধারণ শিক্ষার্থীদের আন্দোলনের মুখে পদত্যাগ করেছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) অধিভুক্ত সাত কলেজের মধ্যে তিনটি কলেজের অধ্যক্ষ।

UNIBOTS

আন্দোলনরত শিক্ষার্থীদের দাবির প্রেক্ষিতে কবি নজরুল সরকারি কলেজের অধ্যক্ষ অধ্যাপক আমেনা বেগম, সরকারি শহীদ সোহরাওয়ার্দী কলেজের অধ্যক্ষ অধ্যাপক মো. মোহসিন কবীর ও সরকারি তিতুমীর কলেজের অধ্যক্ষ অধ্যাপক ফেরদৌস আরা বেগম পদত্যাগ করেছেন।

রবিবার (১১ আগস্ট) দুপুর সাড়ে ১২টার দিকে সাধারণ শিক্ষার্থীদের দেওয়া পদত্যাগত্রে স্বাক্ষর করেন সোহরাওয়ার্দী কলেজের অধ্যক্ষ অধ্যাপক মো. মোহসিন কবীর। পদত্যাগপত্রে

স্বাক্ষরের পর আন্দোলনরত শিক্ষার্থীরা বিজয় মিছিল করে।

এর আগে সকাল ১১টা থেকে সাধারণ শিক্ষার্থীরা ক্যাম্পাস প্রাঙ্গণে আন্দোলন করতে থাকেন। এসময় তারা অধ্যক্ষকে পদত্যাগের জন্য এক ঘন্টা সময় বেঁধে দেয়। অধ্যক্ষের পদত্যাগের দাবিতে উত্তাল হয়ে পড়ে পুরো কলেজ প্রাঙ্গণ। শিক্ষার্থীরা জড়ো হয়ে ভুয়া ভুয়া, চাটুকার, আওয়ামীলীগের দালাল, রাজাকার বলে স্লোগান দিতে থাকে।

এদিন সকাল থেকে কবি নজরুল কলেজের শিক্ষার্থীরা ভুয়া ভুয়া বলে স্লোগান দিয়ে অধ্যক্ষকে তার কার্যালয়ে অবরুদ্ধ করেন। এসময় শিক্ষার্থীদের দাবির মুখে সাদা কাগজে ‘আমি পদত্যাগ করলাম’ লিখে স্বাক্ষর ও সিলমোহর যুক্ত করেন।

অধ্যক্ষের পদত্যাগের পর কবি নজরুল সরকারি কলেজের শিক্ষক পরিষদও ভেঙে দেয়া হয়েছে। আওয়ামীপন্থি শিক্ষকরা পরিষদের সদস্য হওয়ার কারণে তাৎক্ষণিকভাবে শিক্ষার্থীরা শিক্ষক পরিষদ ভেঙে দেয়ার দাবি তুলে আন্দোলন শুরু করেন। পরে দুপুর ১টার দিকে কলেজের উপাধ্যক্ষ অধ্যাপক ছালেহ আহমেদ ফকির শিক্ষক পরিষদ ভেঙে দিতে বাধ্য হন।

এরইমধ্যে তিনি বিজ্ঞপ্তি দিয়ে বিষয়টি নিশ্চিত করেছেন। বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, বিভাগীয় প্রধান ও সহকর্মীদের জানানো যাচ্ছে যে, ১৭তম শিক্ষক পরিষদ বিলুপ্ত ঘোষণা করা হলো।

এদিকে ঢাবি অধিভুক্ত সরকারি তিতুমীর কলেজের অধ্যক্ষ অধ্যাপক ফেরদৌস আরা বেগম পদত্যাগ করেছেন। এদিন দুপুর ১টার দিকে শিক্ষার্থীদের দেয়া পদত্যাগত্রে স্বাক্ষর করেন তিনি। পদত্যাগপত্রে স্বাক্ষরের পরে আন্দোলনরত শিক্ষার্থীরা বিজয় মিছিল করে। এছাড়াও তিতুমীর কলেজের উপাধ্যক্ষ অধ্যাপক মো. মহিউদ্দিন পদত্যাগ করেছেন।

এছাড়াও ঢাকা কলেজ, ইডেন মহিলা কলেজ সহ ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সাত কলেজের অন্যান্য কলেজগুলোতেও অধ্যক্ষের পদত্যাগের দাবিতে শিক্ষার্থীরা আন্দোলন করছে।